

মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই ২০১৪

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১১ আগস্ট ২০১৪

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পুরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: মন্ত্রিপরিষদ বিভাগ	২০৮	১৭৯	২৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,০৭৩	৯০৮	১৬৫
মোট	১,২৮১	১,০৮৭	১৯৪

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩	১০	১ ১	০৫	২৯
দুর্নীতি দমন কমিশন	০১	-	৫০	২৩	৯০	০১	১৬৫*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	সচিব	০১	০১

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	০১	০১	
দুর্নীতি দমন কমিশন	-	-	-	২৯	-	২৯	

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: **নেই।**

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	<ul style="list-style-type: none"> জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এ ডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯ ৫ শতাংশ। জুলাই ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি। 	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা টাকার চতুর্থ সহকারী জজ আদালতের মামলা নং- ৭/২০০০-এর আওতায় বিচারার্থীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৫টি	২৮৫.১২	-	-	২৫টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩৬টি	৯৮৫.৩৫	০৪	০০	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কে ইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা / বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ- বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন- ১১	-	-	-	-	১১	-

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ		2nd IGC-ISI Summer School in Development Economics স্থান: ভারত	১১-১৭ জুলাই ২০১৪	International Growth Centre (IGC)	১ জন (উপসচিব)
দুর্নীতি দমন কমিশন		APG's 17 th Annual Meeting and Technical Assistance Forum স্থান: চীন	১৩-১৮ জুলাই ২০১৪	-	১ জন (মহাপরিচালক)

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনানেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোমুগ্ধতার ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অনূ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অনূ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না:হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:০২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার ০২টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০২টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০২টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৬টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) ২২ জুলাই ২০১৪ তারিখে জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩) ০২ জুলাই ২০১৪ তারিখে Governance সংক্রান্ত LCG Working Group-এর সভা অনুষ্ঠিত হয়।

(৪) ০৩ জুলাই ২০১৪ তারিখে তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপের প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৫) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ০৭ জুলাই ও ২৫ জুলাই ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ২টি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৬) মাননীয় প্রধানমন্ত্রী সরকারি সফরে ২১ জুলাই ২০১৪ তারিখ যুক্তরাজ্যের লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ২৪ জুলাই ২০১৪ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৭) প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক দেশের সার্বিক উন্নয়ন এবং জনগণের অর্থনৈতিক নিরাপত্তার স্বার্থে সমুদ্রসীমা নির্ধারণের ওপর যথাযথ গুরুত্ব প্রদান ও কার্যকর কৌশল গ্রহণ, আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি এবং তদানীন্তন ও বর্তমান মন্ত্রিসভা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিশেষত বাংলাদেশ নৌবাহিনী, আইনজীবীবৃন্দ ও সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টার ফলে বাংলাদেশ ও ভারতের মধ্যে সমুদ্রসীমা নির্ধারণ সংক্রান্ত মামলায় ঐতিহাসিক জয় অর্জন করা সম্ভব হয়। এ জয়ে বাংলাদেশের ন্যায়সঙ্গত দাবি প্রতিষ্ঠিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং এ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করে ১৪ জুলাই ২০১৪ তারিখে মন্ত্রিসভা-বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ জুলাই ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৮) ফিলিস্তিনের নিরীহ জনগণের ওপর ইসরাইলের হামলার জন্য গ ভীর উদ্বেগ প্রকাশ ও ইসরাইলি আগ্রাসনের বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করে এবং অনতিবিলম্বে এ হামলা বন্ধের লক্ষ্যে ইসরাইলের ওপর চাপ সৃষ্টির জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে মন্ত্রিসভার ১৪ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ জুলাই ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৯) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব সি কিউ কে মুসতাক আহমদ ৩০ জানুয়ারি ১৯৮১ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩৩ বছর ৬ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৮ জুলাই ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন। অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব ফজলে কবির ০৩ জুলাই ২০১৪ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন। সুদীর্ঘ কর্মজীবনে সততা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য এই সিনিয়র সচিবদ্বয়কে ধন্যবাদ জানিয়ে, তাঁদের সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তাঁরা দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ০৭ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৩ জুলাই ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১০) ২৭ জুলাই ২০১৪ তারিখে ‘প্রাইভেটাইজেশন কমিশন ও বিনিয়োগ বোর্ড একীভূতকরণের প্রস্তাব প্রণয়ন কমিটি’র মেয়াদ ৩০ কার্যদিবস বৃদ্ধি করা হয়।

(১১) ০৮-১০ জুলাই ২০১৪ তারিখে ‘জেলা প্রশাসক সম্মেলন, ২০১৪’ অনুষ্ঠিত হয়। তিন দিন ব্যাপী অনুষ্ঠিত এ সম্মেলনে উদ্বোধন, মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে মুক্ত আলোচনা, মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও সমা পনী অনুষ্ঠানসহ মোট ২৪টি অধিবেশন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ৩৯টি মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়ের মাননীয় মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, সচিবগণ এবং বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশ গ্রহণ করে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণকে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন।

(১২) ১০ জুন ২০১৪ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU) কর্তৃক প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পকে ‘ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS) পুরস্কার ২০১৪’-এ ভূষিত করা হয়। তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়া এবং তৃণমূল পর্যায় থেকে উচ্চ-পর্যায় পর্যন্ত অনলাইনে সরকারি সেবাসমূহ প্রদানের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে মানুষের জীবনমানে ইতিবাচক পরিবর্তন আনার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ এ পুরস্কার পেয়েছে। এ পুরস্কার ডি জিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘রূপকল্প ২০২১’ শীর্ষক কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নে তাঁর বলিষ্ঠ নেতৃত্ব ও ঐকান্তিক প্রচেষ্টারই স্বীকৃতি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র ও প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের মূল্যবান পরামর্শ ও সমর্থন এ পুরস্কার অর্জনের পথ সুগম করেছে। এ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল তর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৩ জুন ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০১ জুলাই ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১৩) শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে একজন কর্মকর্তাকে বিভিন্ন আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হয়।

(১৪) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ৪৯ জন, নথিভুক্তির সংখ্যা ১৫ জন, বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদানকৃত ০১ জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রাপ্ত ১১ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৫) প্রতিবেদনাব্যাহীন মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১ ২ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। অভিযোগসমূহের মধ্যে ০৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি। ০৪ জন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলা রুজু করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(১৬) সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনার জন্য বগুড়া জেলা ম্যাজিস্ট্রেট, মামলা নিষ্পত্তির জন্য ঢাকা জেলা ম্যাজিস্ট্রেট ও জরিমানা আদায়ের জন্য সিরাজগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেটকে ১৫ জুলাই ২০১৪ তারিখে ধন্যবাদ জ্ঞাপন করে পত্র প্রেরণ করা হয়।

(১৭) ঢাকা জেলার পল্লবী থানাধীন মিরপুর কাট বস্তিতে সংঘটিত অগ্নিকান্ড সংক্রান্ত প্রতিবেদন ০৩ জুলাই ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৮) রাজশাহী জেলার মোহনপুর উপজেলায় যমুনা জুট ইন্ডাস্ট্রিজে সংঘটিত ঘটনা প্রসঙ্গে ০৯ জুলাই ২০১৪ তারিখে সচিব, বন্দ্র ও পাট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গাজীপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনা প্রসঙ্গে ২১ জুলাই ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) কারাগারে আটক শিশু-কিশোরদের মে ২০১৪ মাসের পরিসংখ্যান অবগত করে ২২ জুলাই ২০১৪ তারিখে ৮জন জেলা ম্যাজিস্ট্রেটকে পত্র প্রেরণ করা হয়।

(২১) কক্সবাজার জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদন ২৪ জুলাই ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২২) কক্সবাজার বিমান দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদন ২৪ জুলাই ২০১৪ তারিখে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৩) বিভিন্ন দেশের High Commissioner/Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৪) বাংলাদেশে অবস্থিত দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত জাপানি সৈনিকদের দেহাবশেষ উদ্ধার ও প্রত্যাভাসনের বিষয়ে মতামত প্রদানের জন্য ০৮ জুলাই ২০১৪ তারিখে জেলা প্রশাসক চট্টগ্রাম ও কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৯তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত ১৬ জুলাই ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(২৬) Technical Management Committee (TMC)-তে মাঠ পর্যায়ে স্থানীয় প্রশাসনের প্রতিনিধি মনোনয়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ১৬ জুলাই ২০১৪ তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৭) খাদ্যদ্রব্যে বিষাক্ত রাসায়নিক দ্রব্য ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত পত্র গত ২২ জুলাই ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(২৮) পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৪ উপলক্ষে সড়কপথে যাত্রী সাধারণের যাতায়াত নিবিঘ্ন করার লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে গত ২৩ জুলাই ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র কর্তৃক ‘দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মশালা’ আয়োজনের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া ধারণাপত্রের ওপর মতামত পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩০) ‘Bangladesh-Sri Lanka collaboration on sharing experience in administration and governance and on capacity building’ শীর্ষক ধারণাপত্রের ওপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় (ভূমি মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আইন ও বিচার বিভাগ) পত্র দেওয়া হয়।

(৩১) ২২ জুলাই ২০১৪ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে গঠিত উপকমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৩২) ১৫ আগস্ট ২০১৪ তারিখ জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা ২৩ জুলাই ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(৩৩) জাপান সরকারের অর্থায়নে ২০১৫-১৬ অর্থ-বৎসরের জন্য কারিগরি ও ২০১৬-১৭ অর্থ-বৎসরের জন্য অনুদান-সহায়তায় বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

(৩৪) ২০১৩-১৪ অর্থ-বৎসরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৩-১৪ অর্থ-বৎসরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অর্থ বরাদ্দ, ব্যয় ও প্রকল্পের অবস্থানসহ মতামত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।

(৩৫) জানুয়ারি ২০০৯ থেকে ২০১৪-১৫ অর্থ-বৎসর পর্যন্ত গৃহীত, সমাপ্ত এবং চলমান প্রকল্পের তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।

(৩৬) Training Workshop on Environmental Safeguards and Compliance Measures সংক্রান্ত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের মনোনয়ন প্রদান করা হয়।

(৩৭) জুলাই ২০১৪ মাসে মোট ০৪ টি ভিডিও কনফারেন্সিং-এ সার্বিক সহায়তা প্রদান করা হয়।

(৩৮) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম এবং ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রের ড্যাশবোর্ড পরিবীক্ষণ করে জুলাই ২০১৪ মাসের কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করা হয়।

- (৩৯) শিক্ষার মানোন্নয়নে মাল্টিমিডিয়া ক্লাসরুম ও শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট তৈরি কার্যক্রমে প্রয়োজনীয় গতি সঞ্চার করার জন্য সকল বিভাগীয় কমিশনারগণকে অতিরিক্ত সচিব (প্রসওবা)-এর স্বাক্ষরে একটি উপানুষ্ঠানিক পত্র দেওয়া হয়।
- (৪০) মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তুতকৃত নতুন ওয়েবসাইটটির ডোমেইন নেম সিস্টেম (ডিএনএস) পরিবর্তনের জন্য বিটিসিএল-কে পত্র দেওয়া হয়।
- (৪১) মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে বিকল্প একটি সংযোগ স্থাপন করা হয়।
- (৪২) ১৩ জুলাই ২০১৪ তারিখে ‘সামাজিক নিরাপত্তা বেটনী ’ কর্মসূচি সংক্রান্ত ‘কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি ’র অষ্টম সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (আগস্ট-সেপ্টেম্বর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা

- (১) জাতীয় শোক দিবস পালন।
- (২) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।
- (৪) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।